


## ত্রিপুরা সরকার

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ত্রিপুরায় অবসরপ্রাপ্ত পেনশনার্সদের জন্য 'আশ্রয়' নামে একটি স্থায়ী পেনশনার্স আবাস আগরতলার কুঞ্জবনে অতিসত্বর খোলা হচ্ছে। সাধারণভাবে ত্রিপুরা সরকারের/স্বশাসিত জেলা পরিষদের/ আগরতলা মিউনিসিপ্যাল কর্পোরেশনের/বিভিন্ন মিউনিসিপ্যাল কাউন্সিল এবং নগর পঞ্চায়েতের/ সরকারী অনুদানপ্রাপ্ত বিদ্যালয়ের, পেনশনার্স/ ফ্যামিলি পেনশনার্সগণ, যাদের দেখাশোনা করার কেউ নেই এবং যাদের নিজস্ব কোন বাসস্থানের ব্যবস্থা নেই - তাদেরকেই 'আশ্রয়' -এর সীমিত সংখ্যক আসনের জন্য অগ্রাধিকার দেয়া হবে। উক্ত আবাসে বসবাস করতে আগ্রহী পেনশনার্সগণকে বিশদ বিবরণ এবং দরখাস্তের প্রতিলিপির জন্যে উজান অভয়নগর, আগরতলাস্থিত সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর অধিকর্তার কার্যালয়ে অথবা দপ্তরের নিজস্ব ওয়েবসাইট [tripurawelfare.nic.in](http://tripurawelfare.nic.in) - এ এবং সমস্ত জেলার জেলা সমাজ শিক্ষা পরিদর্শকের কার্যালয়ে ও খুমলুঙস্থিত স্বশাসিত জেলা পরিষদের সদর দপ্তরে সমাজ শিক্ষা বিভাগে সরকারী অফিস খোলার দিনে অতিসত্বর যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। পূরণ করা আবেদনপত্র উজান অভয়নগর, আগরতলাস্থিত সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর অধিকর্তার কার্যালয়ে জমা দিতে হবে। বিশদ বিবরণের জন্য সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তার নিম্নলিখিত টেলিফোন নম্বরেও যোগাযোগ করা যেতে পারে -

০৩৮ ১-২৩২-৫৫০১ .

  
অধিকর্তা

তাং - ১৬ - ১ - ২০১৮

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর  
ত্রিপুরা।